



হরমুজ প্রণালিতে আরও নৌ-মাইন পাতার দাবি ইরানের



ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালির দক্ষিণাঞ্চলের কয়েকটি পথে নতুন করে নৌ-মাইন বসানোর কথা জানিয়েছে ইরান। একই সঙ্গে হরমুজ প্রণালির ওপর মার্কিন নিয়ন্ত্রণের দাবিও নাকচ করে দিয়েছে তেহরান।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে ইরানের খাতাম আল-আনবিয়া কেন্দ্রীয় সদর দপ্তরের মুখপাত্র ইব্রাহিম জুলফাগারি বলেন, বুধবার রাতের অভিযানে হরমুজ প্রণালির দক্ষিণে অবৈধ পথগুলোতে আরও নৌ-মাইন পাতা হয়েছে।

এদিকে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হরমুজ প্রণালির নাম পরিবর্তন করে ‘ট্রাম্প প্রণালী’ রাখার প্রস্তাব নিয়েও কটাক্ষ করেন ইব্রাহিম জুলফাগারি।

তিনি বলেন, মধ্যপ্রাচ্যে মার্কিন সামরিক অভিযান তদারককারী যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড বা সেন্টকম হরমুজ প্রণালির নাম পরিবর্তন করতে পারবে না। ফটোশপ ব্যবহার করে নাম বদলানোই তাদের একমাত্র কাজ হতে পারে বলেও মন্তব্য করেন তিনি।